উপজেলা পরিষদ
দিনাজপুর সদর, দিনাজপুর

# দিনাজপুর সদর উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ইমদাদ সরকার<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। |
| সভার তারিখ | ঃ | ২৭ জুলাই, ২০২৩ খ্রি. |
| সভার সময় | ঃ | সকাল ১১ :০০ টা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, দিনাজপুর সদর, দিনাজপুর |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলো:

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুরকে সভা পরিচালনার অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বলেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারবর্গ এবং মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন যে, শহিদ ও জীবিত বীর মুক্তিযোদ্ধাদের মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য আমরা আজ বিশ্ব মানচিত্রে এক স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি যা বিশ্ব দরবারে আমাদের মহিমান্বিত করেছে। এ গর্বকে পুঁজি করে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের সকলকে একযোগে কাজ করে দেশের উন্নয়নের ধারাকে ত্বরান্বিত করতে হবে এ লক্ষ্য বাস্তবায়নের জন্য সরকারি সকল উন্নয়ন বরাদ্দ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন ও ব্যয় সমাপ্ত করে সরকারে উন্নয়নের ধারারকে অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরকে সাধুবাদ জানান। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

## আলোচনা ও গৃহীত সিদ্ধান্তঃ

১। **বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন:** উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বিগত মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্ত ঃ কার্যবিবরণীর উপর বিশদ আলোচনা হয়। কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

২। বিভাগীয় আলোচনাঃ

| আলোচনার বিষয়ঃ | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|
| ২.০১। **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর হাত ধরে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষকে স্বাস্থ্য সেবা পৌছে দেয়ার মানসে প্রতিষ্ঠিত কমিনিউটি ক্লিনিকসমূহে নির্ধারিত স্বাস্থ্য সেবার পাশাপাশি বর্তমানে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপের ঔষুধ সরবরাহ করা হচ্ছে। তাছাড়া তিনি ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সদর, দিনাজপুর |
| **আলোচনার বিষয়ঃ** | | |
| ক) উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) হতে মোট =৮৮,৯৩,০০০.০০ বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ প্রাপ্তির ভিত্তিতে উপজেলা পরিষদ উন্নয়ন ব্যবহার নির্দেশিকা, ২০১৪ মোতাবেক প্রকল্প গ্রহন করে বাস্তবায়ন করা হয়। উক্ত বরাদ্দের মধ্য হতে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন যোগ্য "০৩নং ফাজিলপুর ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে ব্যাগ বিতরণ" প্রকল্পটির বিল জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দিনাজপুর প্রেরণ করা হয়। iBas++ বরাদ্দ না থাকার কারনে=২,০০,০০০.০০(দুই লক্ষ টাকা) মাত্র জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দিনাজপুর কর্তৃক পাশ না হওয়ায় প্রকল্প কমিটির চেয়ারম্যান মোছা: বিউটি বেগম, সংরক্ষিত মহিলা আসন, ০৩নং ফাজিলপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর বিল পরিশোধ করা সম্ভোব হয় নাই।<br>খ) ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল দ্বারা বাস্তবায়নের জন্য =৪,৩২,০০,০০০.০০ (চার কোটি বত্রিশ লক্ষ টাকা) মাত্র স্থানান্তরিত হয় এবং উপজেলা পরিষদ উন্নয়ন ব্যবহার নির্দেশিকা, ২০১৪ মোতাবেক প্রকল্প গ্রহন করে বাস্তবায়ন করা হয়। নিম্নলিখিত প্রকল্প গুলো ঠিকাদার সময় অল্প এবং বর্ষা জনিত কারনে নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করতে না পারায় ঠিকাদার ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সময় বৃদ্ধিসহ Performance Security বৃদ্ধি করেছেন।<br>উন্নয়ন তহবিল: | | |

| ক্র: নং | প্রকল্পের নাম/ঠিকাদারের নাম | চুক্তি মূল্য টাকা | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ১। | রামসাগরে প্রধান গেট নির্মাণ। | ৭৬,০০,০০০.০০ | দরপত্র |
| ২। | রামসাগরে অভ্যন্তরে দুইটি ঘাট নির্মাণ। | ৭৮,০০,০০০.০০ | দরপত্র |

Rustom PC/Regulation

| আলোচনার বিষয়ঃ | | | | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|---|---|---|
| ৩। | ১) দক্ষিণ উলিপুর তেজা মাষ্টার এর বাড়ি থেকে পাক্কা রাস্তা পর্যন্ত সারফেস ড্রেন নির্মাণ ২) মশিমপুরে জামাল কামাল মাজার এর রাস্তা সিসি করণ ৪) কেবিএম সরকারি প্রাঃ বিঃ এ শহীদ মীনার নির্মান ৫) কাশিমপুর আলেম বাড়ি থেকে মোস্তফা মেম্বার এর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ ৬) করিমুল্যাপুর দোতালা মসজিদ হতে সিরাজুলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/05 ঠিকাদার মেসার্স সাইফ ট্রেডার্স, সেতাবগঞ্জ, দিনাজপুর। | ২২,৪৬,৩২৫.০৮ | দরপত্র | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে পিআইসি এবং আরএফকিউ পদ্ধতি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৪। | ১) রাম চন্দ্রপুর মোড় থেকে মোজ্জামলে বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ ২) সিন্দুর আলী বটগাছ মোড় হতে বিজয় কুমারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ ৪) নুনসাহার চকরাবান পাঁকা রাস্তা থেকে আব্দুর রহমান রাস্তার পুকুর রাস্তা এইচবিবি করণ ৫) সাহেব ডাঙ্গা ফুটবল মাঠে প্রধান গেট নির্মাণ ৬) রহমানিয়া কাছেমুল উলুম হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা পেলিসাইডিং নির্মান ও সংস্কার। প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/10, ঠিকাদার মেসার্স মুন্না ট্রেডার্স, পুলহাট, সদর, দিনাজপুর। | ২২,৪৯,৪৮০.৬৭ | দরপত্র | | |
| ৫। | ১) মরহুম এম আব্দুর রহিম কবরস্থানের পাশে পুকুরে অসমাপ্ত গাইড ওয়াল নির্মাণ ২) বনতারা জামাল উদ্দিন কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ ৪) পার্বতীপুর হাই স্কুলের প্রধান গেট নির্মাণ ৫) লক্ষীতলা মৃত মোবারক মাস্টারের বাড়ীর সামনে অসমাপ্ত ড্রেন নির্মাণ। প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/07, মেসার্স জারা ট্রেডার্স, সেতাবগঞ্জ, দিনাজপুর। | ২১,৫৪,৫০৪.৩৪ | দরপত্র | | |
| ৬। | ১) দিনাজপুর সদর উপজেলায় দরিদ্র মহিলার মাঝে সেলাই মেশিন সর বরাহ(নারী উন্নয়ন)। সংশোধিত টাকা=১০,০১,৬০৫.০০<br>২) দিনাজপুর সদর উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানে দরিদ্র শিক্ষার্থীদের মাঝে সাইকেল সরবরাহ (নারী উন্নয়ন)। সংশোধিত টাকা =২,৭২,০০০.০০<br>প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/11, ঠিকাদার মেসার্স সিয়াম ট্রেডার্স, ফুলবাড়ী, দিনাজপুর। | ১২,৭৩,৬০৫.০০ | দরপত্র | | |
| ৭। | ১) ছালাপুকুর মহসিনের বাড়ি হতে আনোয়ারের বাড়ি পর্যন্ত রাস্তা, ২) হাফিজুর চৌধুরী বাড়ি থেকে ওহিদুল বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ ৩) জয়রামপুর আনছার বাড়ি থেকে আব্বাস বাড়ি হয়ে মেইন রোড পর্যন্ত রাস্তা সিসি করণ ৪) দক্ষিণ জয়দেবপুর সাইদুরের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ ৫) আই হাই মফির বাড়ির সামনে পুকুরে গাইড ওয়াল নির্মাণ ৬) **১০নং কমলপুর ইউনিয়ন** কমলপুর ইউপির দানিহারী গ্রামের রাস্তায় কালভার্ট মেরামত। প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/09, ঠিকাদার মেসার্স নাদিম ট্রেডার্স, নবাবগঞ্জ, দিনাজপুর। | ২৩,৭৩,০৭২.৬৭ | দরপত্র | | |
| ৮। | ১) ফুলতলা বাজার মসজিদের পার্শ্বে এতিমখানা যাওয়ার রাস্তা সিসি করণ ২) চেরাডাঙ্গী স্কুলে শহীদ মিনার নির্মাণ ৩) দিঘন হাজীপাড়া কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ ৪) মহব্বতপুর সুকান দিঘী কবরস্থানের পুকুরে গাইড ওয়াল নির্মাণ (পেলিসাইডিং)। প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/10, ঠিকাদার মেসার্স এম এর কনস্ট্রাকশন, বীরগঞ্জ, দিনাজপুর। | ১১,৫১,৭৩০.০১ | দরপত্র | | |
| ৯। | ১) রাম চন্দ্রপুর মোড় থেকে মোজ্জামলে বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ ২) সিন্দুর আলী বটগাছ মোড় হতে বিজয় কুমারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ ৩) নুনসাহার | ২২,৪৯,৪৮০.৬৭ | দরপত্র | | |

Rustom PC/Regulation

| আলোচনার বিষয়ঃ | | | | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|---|---|---|
| | চকরাবান পাঁকা রাস্তা থেকে আব্দুর রহমান রাস্তার পুকুর রাস্তা এইচবিবি করণ ৪) সাহেব ডাঙ্গা ফুটবল মাঠে প্রধান গেট নির্মাণ ৫) রহমানিয়া কাছেমুল উলুম হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা পেলিসাইডিং নির্মান ও সংস্কার। প্যাকেজ নং- e-Tender/DIN/SADAR/DEV/2022-23/09, ঠিকাদার মেসার্স মুন্না ট্রেডার্স, পুলহাট, সদর, দিনাজপুর। | | | সভায় বিস্তারিত আলোচনা হলো। প্রাক্কলনটি যাচাই-বাছাই অন্তে অনুমোদন অনুমোদন করা হলো এবং সেই অনুযায়ী কাজটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ১০। | চেহেলগাজী মাজার উন্নয়ন। | ২,০০,০০.০০ | পিআইসি | | |
| ১১। | **০৬নং আউলিয়াপুর ইউনিয়ন** মাশিমপুর কাচারী হইতে বাশতলী যাওয়ার রাস্তায় কালর্ভাট নির্মাণ এবং মামুদপুর ড্রেনের মুখ থেকে বাধ সংলগ্ন হয়ে ঘাগরা পর্যন্ত পাইপ স্থাপন। | ২,০০,০০.০০ | পিআইসি | | |
| ১২। | **০৬নং আউলিয়াপুর ইউনিয়ন** সৈয়দপুর পানুয়াপাড়া কবরস্থানে সিসি রাস্তা নির্মাণ এবং পাম্প ও পানির লাইন স্থাপন। | ২,০০,০০.০০ | পিআইসি | | |
| ১৩। | **০৯নং আস্করপুর ইউনিয়ন** ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে পাইপ রিং সরবরাহ। | ২,০০,০০.০০ | পিআইসি | | |
| ১৪। | **০৯নং আস্করপুর ইউনিয়ন** ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে পাইপ রিং সরবরাহ। | ২,০০,০০.০০ | পিআইসি | | |
| ১৫। | বিভিন্ন ইউনিয়নে প্রাণী সম্পদ এর কাজে ব্যবহারের জন্য রেফ্রিজারেটর ক্রয় । | ২,০০,০০.০০ | পিআইসি | | |
| ১৬। | মহব্বতপুর কমিউনিটি ক্লিনিক মেরামত। | ২,০০,০০.০০ | পিআইসি | | |

<u>সিদ্ধান্তঃ</u> সভায় বিস্তারিত আলোচনান্তে ক) "০৩নং ফাজিলপুর ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে ব্যাগ বিতরণ" প্রকল্পটি iBas++ বরাদ্দ না থাকার কারনে=২,০০,০০০.০০(দুই লক্ষ টাকা) মাত্র পরিশোধ করা সম্ভব হয় নাই সেহেতু ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) বরাদ্দ প্রাপ্তিস্বাপেক্ষে উক্ত প্রকল্পের টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

খ) বর্ণিত প্রকল্পসমূহ ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করতে না পারায় ঠিকাদার ও প্রকল্প বাস্তবায়ন কমিটি বিধি মতে সময় বৃদ্ধিসহ Performance Security বৃদ্ধি করেছেন। সে জন্য ঠিকাদার ও প্রকল্প বাস্তবায়ন কমিটিকে প্রকল্পের টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।

| | | |
|---|---|---|
| <u>সিদ্ধান্তঃ</u> সভায় বিস্তারিত আলোচনান্তে ক) "০৩নং ফাজিলপুর ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে ব্যাগ বিতরণ" প্রকল্পটি iBas++ বরাদ্দ না থাকার কারনে=২,০০,০০০.০০(দুই লক্ষ টাকা) মাত্র পরিশোধ করা সম্ভব হয় নাই সেহেতু ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) বরাদ্দ প্রাপ্তিস্বাপেক্ষে উক্ত প্রকল্পের টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। খ) বর্ণিত প্রকল্পসমূহ ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করতে না পারায় ঠিকাদার ও প্রকল্প বাস্তবায়ন কমিটি বিধি মতে সময় বৃদ্ধিসহ Performance Security বৃদ্ধি করেছেন। সে জন্য ঠিকাদার ও প্রকল্প বাস্তবায়ন কমিটিকে প্রকল্পের টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী দিনাজপুর সদর, দিনাজপুর। |
| **২.০৩। <u>কৃষি বিভাগঃ</u>** সভায় উপস্থিত উপজেলাকৃষি সম্প্রসারণ অফিসার, দিনাজপুর সদর, জানান যে, দিনাজপুর সদর উপজেলার কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। তিনি জানান যে, ইরি মৌসুমে দিনাজপুর সদর উপজেলায় আশানুরুপ ফসল উৎপাদন হয়েছে। এছাড়া তিনি ভর্তুকী মূলে কৃষিজাত বিভিন্ন যন্ত্রপাতি ও মেশিন প্রদান করাসহ বিভিন্ন প্রজাতির ফসলের বীজ প্রদান করা হয় মর্মে সভায় বিষয়টি সভায় উপস্থাপন করেন। এছাড়া আমন মৌসুমে কাঙ্খিত ফসল উৎপাদনের লক্ষ্যে সেচ কার্যক্রম সংযোগ আবেদনকারীদের আবেদনসমূহ নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| **২.০৪ ।<u>মৎস্য বিভাগঃ</u>**সভায় উপস্থিতসহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর বলেন যে, আগামী ২৩ জুলাই, ২০২৩ খ্রি. তারিখ হতে ৩০ জুলাই, ২০২৩ খ্রি. পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে। আমাদের দেশে সর্বমোট আট মাস সারাদেশে জাটকা ( ২৫ সে.মি. এর নিচে সাইজের ছোট ইলিশ) মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিশিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এই আইন অমান্যকারীর শাস্তি অন্যূন ১ বছর এবং অনধিক ২ বছরের সশ্রম কারাদন্ড অথবা অনধিক ৫০০/- টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করা যাবে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |

| আলোচনার বিষয়ঃ | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|
| সচেতনতা বৃদ্ধির জন্য ইতোমধ্যে গুরুত্বপূণ বাজারগুলোতে ব্যানার টাঙ্গানো, লিফলেট/পোস্টার বিতরণ এবং আড়তদার/মৎস্য বিক্রেতা/সংশ্লিষ্ট সুধীজনদের সাথে ২টি সচেতনতা সভা করা হয়েছে। সাপ্তাহিক বিভিন্ন বাজার মনিটরিং চলছে।<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম যেমন- প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষিদের পানি পরীক্ষা ও প্রযুক্তি পরামর্শ প্রদান করা হয় মাঠ পর্যায়ে সচেতনতা বাড়াতে মৎস্যচাষি ও মৎস্যজীবীদের নিয়ে উঠান বৈঠক, প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন, মৎস্য আইন বাস্তবায়নসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | |
| ২.০৫ ।**প্রাণিসম্পদ বিভাগঃ**সভায় উপজেলা প্রাণিসম্পদক অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। তিনি স্বাস্থ্য অধিদপ্তরের সাথে জাতীয় দিবস পালনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৬ ।**পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। কোন সমস্যা নাই। তিনি ইউনিয়ন ইউনিয়ন পরিবার পরিকল্পনা অফিসগুলোতে বিদ্যুতের ওয়ারিং কার্যক্রমের বিষয়ে বিগত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নের বিষয়টি সভায় উপস্থাপন করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর, দিনাজপুর |
| ২.০৭। **সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে কোন সমস্যা নেই। ২০২২-২৩ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতাভোগীদের প্রদানকৃত একাউন্টে টাকা প্রদান করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, দিনাজপুর |
| ২.০৮ ।**শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার দিনাজপুর সদর জনাব মো: শফিকুল ইসলাম জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুবাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। সরকারের সিদ্ধান্ত মোতাবেক শুক্র ও শনিবার স্কুল বন্ধ রাখা হচ্ছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর প্রাথমিক বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং করার বিষয়ে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার বলেন, সরকারি বিধি মোতাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের মাধ্যমে সপ্রাবি গুলো ভিজিট করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৯। **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। তিনি বলেন আগামী ১৭ আগস্ট, ২০২৩ তারিখ হতে এইচ.এস.সি/আলীম পরীক্ষার সুষ্ঠুভাবে শুরু হবে মর্মে সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১০। **যুব উন্নয়ন বিভাগঃ**উপজেলা যুব উন্নয়ন অফিসার, সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। তিনি বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। দক্ষ জনশক্তি গড়তে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে দিনাজপুর সদর উপজেলা যুব উন্নয়ন কার্যালয় নিরলস কাজ করে যাচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১১ ।**উপজেলা খাদ্য বিভাগঃ** সভায় উপস্থিত উপজেলা খাদ্য পরিদর্শক, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচীর তালিকা প্রণয়ন সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১২। **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে, কোন সমস্যা নাই। তিনি বলেন, চলতি২০২২-২০২৩ অর্থবছরের চুড়ান্ত পর্যায়ের বরাদ্দকৃত প্রকল্পগুলো অনুমোদন হয়েছে। ভূমিহীন ও গৃহহীনদের জন্য সরকারি খাস জমিতে আশ্রয়ন-২ প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দিনাজপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, দিনাজপুর |
| ২.১৩। **সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার দপ্তরের কাজকর্ম ভালোভাবে চলছে। কোন সমস্যা নাই। মহোনপুর সমবায় সমতিরি কাজ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | বিভাগীয় কাজ সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১৪। **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ**সহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর জোন বলেন যে, বিএমডিএ দিনাজপুর জোনের আওতায় বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। নতুন প্রজেক্ট আসলে তা উপজেলা পরিষদকে জানানোর জন্যসহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সহকারী প্রকৌশলী, বিএমডিএ কে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, |

| আলোচনার বিষয়ঃ | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|
| জোনকে নির্দেশ প্রদান করা হলো। | | দিনাজপুর সদর, দিনাজপুর |
| **২.১৫। <u>উপজেলা পল্লী উন্নয়ন বোর্ডঃ</u>** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।কোন অসুবিধা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিনাজপুর সদর, দিনাজপুর |
| **২.১৬। <u>উপজেলা আনসার ও ভিডিপি দপ্তরঃ</u>** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সদর, দিনাজপুর। |
| **২.১৭। <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u>** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে, কোন সমস্যা নেই। তিনি চলমান অর্থবছরের টিউবওয়েল বরাদ্দ পাওয়ার বিষয়টি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর |
| **২.১৮। <u>মহিলা বিষয়ক বিভাগ</u> ঃ** সভায় উপস্থিত উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তার দপ্তরের কার্যক্রম সাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। সভায় তাকে নিয়মিত বাল্য বিবাহের রিপোর্ট পাঠানোর জন্য অনুরোধ করা হয়।মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক উপস্থাপিত বিষয়গুলো হলো-জীবীকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ, ভিডব্লিউবি কার্যক্র, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম, কর্মজীবী ল্যাকটিং মাদার সহায়তা তহবিল কার্যক্রম, ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুদান বিতরণ কার্যক্রম নারী নির্যাতন প্রতিরোধ সেল ও বাল্যবিবাহ নিরোধ কার্যক্রম এবং কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর |
| ২.১৯। <u>উপজেলা বন বিভাগ:</u>উপজেলা ফরেস্টার, উত্তর গোবিন্দপুর, সামাজিক বন বিভাগ দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা ফরেস্টারকে অনুরোধ করা হলো। | উপজেলা ফরেস্টার সদর, দিনাজপুর |
| ২.২০। **<u>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর:</u>**উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নাই। তিনি বিগত অর্থবছর (২০২২-২৩) এর সকল প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হয়েছে মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পালনের জন্য ইউডিএফ কে অনুরোধ করা হলো। | ইউডিএফ সদর, দিনাজপুর |
| ২.২১। <u>তথ্য আপাঃ</u> উপজেলা তথ্য আপা কর্মকর্তা বলেন যে, আমার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় পরিচালিত হচ্ছে। ২০২২-২৩ অর্থ বছরের সকল কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান, উদ্যোক্তা তৈরি ইত্যাদি কার্যক্রম চালু আছে। দিনাজপুর সদর তথ্য কেন্দ্রে মোট সেবা গ্রহীতর সংখ্যা- ২৫,৩৯৫। এছাড়া নিয়মিতভাবে উঠান বৈঠকসহ স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। যা জনগণের স্বাস্থ্য, কৃষি, শিক্ষাসহ বিভিন্নভাবে উন্নয়ন সাধিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা তথ্য আপাকে অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর |
| **২.২৩। <u>ইউপি চেয়ারম্যানবৃন্দের আলোচনাঃ</u>** অদ্য জুন/২০২৩ মাসের সাধারণ সভায় ০১ নং চেহেলগাজী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান, ০২ নং সুন্দরবন ইউনিয়নের চেয়ারম্যান,৩ নং ফাজিলপুর ইউনিয়ন চেয়ারম্যান, ৪নং শেখপুরা ইউনিয়ন চেয়ারম্যান, ৫নং শশরা ইউনিয়নের চেয়ারম্যান, ০৬ নং আউলিয়াপুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান, ৮নং শংকরপুর ইউনিয়নের চেয়ারম্যান,- ৯নং আস্করপুর ইউনিয়নের চেয়ারম্যান ও ১০ নং কমলপুর ইউনিয়নের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।<br><br>উপস্থিত চেয়ারম্যানগণ তাদের ইউনিয়ন পরিষদের বিভিন্ন দিক সভায় উপস্থাপন করেন। উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত চেয়ারম্যানগণকে বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলতি অর্থবছরে নির্দিষ্ট সময়ে প্রকল্প গ্রহণপূবক সঠিক মনিটরিং এর মাধ্যমে সঠিক সময়ে বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এখন থেকে গৃহীত সকল প্রকল্প টেকসই, জনমুখী ও কল্যাণমুখী জনস্বার্থে বাস্তবায়ন ও মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেণ। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো | ইউপি চেয়ারম্যান (সকল) দিনাজপুর সদর, দিনাজপুর |

৩। বিবিধ আলোচনাঃ

| | | |
|---|---|---|
| ৩.১। অফিস সহকারী জানান যে, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর আলোকে জুন/২০২৩ মাসে নিম্নবর্ণিত খাতে ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয়সমূহ | | |

Rustom PC/Regulation

অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| **রাজস্ব তহবিল ব্যয় সমূহ ঃ** | | | | |
| **মাসের নামঃ- জুন/২০২৩** | | | | |
| ১. | দিনাজপুর জেলাধীন সদর উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ | ৩৭,০৫০/- | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সদর, দিনাজপুর |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর ব্যবহৃত বকেয়া টেলিফোন বিল পরিশোধ | ৮,২৫৬/- | | |
| ৩. | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর ব্যবহৃত বকেয়া টেলিফোন বিল পরিশোধ | ১০,৩৩২/- | | |
| ৪. | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর ব্যবহৃত বকেয়া টেলিফোন বিল পরিশোধ | ৮,৪৪৩/- | | |
| ৫. | দিনাজপুর জেলাধীন সদর উপজেলার ০৫ টি বৈদ্যুতিক মিটারের বিদ্যুৎ বিল পরিশোধ | ১,৪৮,৭৯২/- | | |
| ৬. | জনাব ইমদাদ সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের সমামানী | ৪০,০০০/- | | |
| ৭. | জনাব মোঃ রবিউল ইসলাম সোহাগ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- | | |
| ৮. | জনাব জেসমিন আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের সমামানী | ২৭,০০০/- | | |
| ৯. | জনাব ইমদাদ সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের ভ্রমণ বিল | ১১,২৫০/- | | |
| ১০. | জনাব মোঃ রবিউল ইসলাম সোহাগ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের ভ্রমণ ভাতা | ৯,০০০/- | | |
| ১১. | জনাব জেসমিন আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের ভ্রমণ ভাতা | ৯,০০০/- | | |
| ১২. | জুন/২০২৩ মাসে উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল (ভ্যাট ও আয়করসহ) (৩০,০০০+৮,০০০+৫,০০০) | ৪৩,০০০/- | | |
| ১৩. | জনাব মোঃ আজিজুল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের উৎসব ভাতা বিল | ৮,২৫০/- | | |
| ১৪. | জনাব মোছাঃ লাকী বেগম, আয়া, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের উৎসব ভাতা বিল | ৩,৭৫০/- | | |
| ১৫. | জনাব মোঃ আজিজুল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের বেতন ভাতা বিল | ১৬,৫০০/- | | |
| ১৬. | জনাব মোছাঃ লাকী বেগম, আয়া, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর জুন/২০২৩ মাসের বেতন ভাতা বিল | ৭,৫০০/- | | |
| ১৭. | উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ | ১৮,৭১৯/- | | |
| ১৮. | দিনাজপুর জেলাধীন সদর উপজেলা পরিষদের ব্যবহৃত দিন-ঘ-১১-০০৫৮ নং জীপগাড়ীর এপ্রিল/২০২৩ মাস হতে জুন/২০২৩ মাসের জ্বালানী বিল পরিশোধ | ৮০,৯৫৩/- | | |
| ১৯. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল মেইনটেন্যান্স চার্জ কর্তন | ৩৪৫/- | | |
| ২০. | দিনাজপুর সদর উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব তহবিলের অর্থায়নে অফিস ভবনের অভ্যন্তরে রংকরণ ও ভবন সংলগ্ন সেমি পাকা ঘর মেরামত | ৫,৬৮,৩৭০/- | | |
| ২১. | দিনাজপুর সদর উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব তহবিলের অর্থায়নে অফিস ভবনে সৌর বিদ্যুৎ মেরামত বিল পরিশোধ | ৩,৩১,৪৫৫/- | | |

Rustom PC/Regulation

| | | |
|---|---|---|
| বিবিধ আলোচনা: সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, ২০২২-২০২৩ সালে উপজেলা রাজস্ব তহবিল হতে বিভিন্ন মেরামত/সংস্কারসহ সকল ধরনের সম্মানী ভাতা ও অন্যান্য ব্যয়সমূহ নির্বাহ অন্তে =১,৩৬,০৫,৭৭৯/-(এক কোটি ছত্রিশ লক্ষ পাঁচ হাজার সাতশত উনআশি) টাকা অবশিষ্ট রয়েছে তা উপজেলা পরিষদ উন্নয়ন খাতে স্থানান্তর করা হয়েছে। এবং উপজেলা পরিষদের ১% স্থায়ী সম্পদ হস্তান্তর খাতে ২০২২-২০২৩ অর্থবছরে জমাকৃত=২,৫০,০৮,৭৬১/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ আট হাজার সাতশত একষট্টি) টাকা জমা রয়েছে সেসব অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে স্থানান্তর করা হবে। | উপজেলা রাজস্ব তহবিলের অর্থ উন্নয়ন খাতে স্থানান্তর ও উপজেলা পরিষদের ১% স্থায়ী সম্পদ হস্তান্তর খাতের অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে স্থানান্তর করা হয়েছে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, দিনাজপুর |
| (ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-০১ শাখা হতে ১৯ নভেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে ৪৬.০৪৬.০১১.০০.০০.০০০১০.২০১৬-১৪৩১ স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব খাতে অস্থায়ীভাবে দুই জন কর্মচারী নিয়োগপ্রাপ্ত হন ১। জনাব মোঃ সুমন বাবু, সাঁট মূদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ২। মোঃ জিয়াউল হক গাড়ী চালক, ১৫/১১/২০১২ খ্রিঃ তারিখে যোগদান করেন। উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা ২০১০ এর দ্বিতীয় অধ্যায়ের ৬নং অনুচ্ছেদ মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের ইতোপূর্বে শিক্ষানবিশ ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ায় চাকুরী স্থায়ী করণের জন্য আবেদন করেছেন। সভাপতি জানান যে, নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের শিক্ষানবিসকাল সন্তোষজনক। তাদের চাকুরী স্থায়ীকরণ করার সুপারিশ করা হলো। | নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের চাকুরীতে যোগদান তারিখ হতে চাকুরী স্থায়ীকরণ করা হলো। এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার। |
| (খ) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-০১ শাখা হতে ২৪ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখে আদেশ মোতাবেক ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০ (অংশ-১) ৩৫৩ স্মারকে ১। জনাব মোঃ সুমন বাবু, সাঁট মূদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ২। মোঃ জিয়াউল হক গাড়ী চালক, ১৫/১১/২০১২ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ দিনাজপুর সদর, দিনাজপুরে যোগদান করেন। বর্ণিত কর্মচারীগণ গত ১৫/১১/২০২২ খ্রিঃ তারিখে ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ২০ অক্টোবর ২০২২ তারিখের ১১৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) এর আলোকে উপজেলা পরিষদে কর্মরত ০২(দুই) জন কর্মচারীরগণের ১০(দশ) বছর পূর্তি সাপেক্ষে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য সুপারিশ করা হলো। | নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের উচ্চতর গ্রেড পাওয়ার ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইমদাদ সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দিনাজপুর সদর, দিনাজপুর
২৭/০৭/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং: ০৫.৫৫.২৭৬৪.০০০.০৬.০০১.২০২৩-১২৫২

১২ আষাঢ় ১৪৩০
তারিখ: ..............................
২৭ জুলাই ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে

(১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮ দিনাজপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ
(২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৩) কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
(৪) জেলা প্রশাসক, দিনাজপুর
(৫) উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
(৬) উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, দিনাজপুর সদর, দিনাজপুর
(৭) উপজেলা ........................................ কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর
(৮) চেয়ারম্যান, ........নং ................ ইউ.পি (সকল), দিনাজপুর সদর, দিনাজপুর
(৯) অফিস কপি।

২৭.৭.২০২৩

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর
☎ : +৮৮০২৫৮৯৯২৫১২২(অ:)
e-mail: unodinajpur@mopa.gov.bd

২৭/০৭/২০২৩

Rustom PC/Regulation

## পরিশিষ্ট- ‘ক’

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

স্বাক্ষরিত (স্বাক্ষরের ক্রমানুসারে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(১) জনাব মোঃ রমিজ আলম, উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২) জনাব মো: রবিউল ইসলাম সোহাগ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৩) জনাব জেসমিন আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৪) জনাব মোঃ সোহেল জর্জিস, প্যানেল চেয়ারম্যান, ০১ নং চেহেলগাজী ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৫) জনাব মোঃ আঃ লতিফ, ০২ নং সুন্দরবন ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৬) জনাব অভিজিৎ বসাক, চেয়ারম্যান, ৩নং ফাজিলপুর ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৭) জনাব মো: মমিনুল ইসলাম, চেয়ারম্যান, ৪নং শেখপুরা ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৮) জনাব মো: মকছেদ আলী, চেয়ারম্যান, ৫নং শশরা ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৯) জনাব মো: রুহুল আমিন, চেয়ারম্যান, ৬ নং আউলিয়াপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১০) জনাব মো: আতাউর রহমান, চেয়ারম্যান, ৮নং শংকরপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১১) জনাব মো: আবু বক্কর সিদ্দিক, চেয়ারম্যান, ৯নং আস্করপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১২) জনাব মো: আহচান হাবিব সরকার, চেয়ারম্যান, ১০নং কমলপুর ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৩) জনাব সুরভী আক্তার, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৪) জনাব রাজিউর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৫) জনাব মো: ওবাইদুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৬) জনাব মো: মঞ্জুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৭) জনাব মো: আব্দুর রউফ, উপজেলা আনসার ভিডিপি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৮) জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(১৯) জনাব নীতিশ কমার, উপজেলা প্রকৌশলী, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২০) জনাব মো: হাদিউর রহমান, সহকারী মৎস্য কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২১) জনাব মো: গোলাম কিবরিয়া, উপজেলাা প্রাণিসম্পদ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২২) জনাব মো: লুৎফর রহমান, ইন্সট্রাক্টর, ইউআরসি, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২৩) জনাব মো: শফিকুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর ,,
(২৪) জনাব মো: জাহাঙ্গীর আলম রানা, সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২৫) জনাব মো: সৈবুর রহমান, উপসহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর ,,
(২৬) জনাব মো: রাশেদুল হক, এজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ ১, দিনাজপুর ,,
(২৭) জনাব নীলাম্বর বসাক, উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২৮) জনাব সৈয়দ হাবিবুর রহমান, উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(২৯) জনাব মো: শফিকুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৩০) জনাব উম্মে কুলসুম, উপজেলা তথ্য আপা কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৩১) জনাব মোছা: সাবিহা বিনতে আনোয়ার, প্রোগ্রাম অফিসার, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর ,,
(৩২) জনাব ডা: মোহা: আরোজ উল্লাহ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৩৩) জনাব মো: জসিম উদ্দীন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৩৪) জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ডিপিএইচই, সদর, দিনাজপুর ,,
(৩৫) জনাব মোঃ বন্দে আলী মিয়া, প্রভাষক, দিনাজপুর কেবিএম কলেজ, দিনাজপুর সদর, দিনাজপুর ,,
(৩৬) জনাব মোঃ রুবেল মিয়া, সহকারী প্রোগ্রামার, তথ্য,প্রযুক্তি ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর সদর ,,